

জেলা পরিষদ কার্যালয়
সাতক্ষীরা।
www.zpsatkhira.gov.bd

স্মারক নং: বাইশ-৩৪/জেপসা/২০২১-২০২২/ ২৪১

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০ নং স্মারকপত্রের আলোকে ২০২৪ সালের জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে “আমার চোখে জুলাই বিপ্লব” প্রতিপাদ্য নিয়ে একটি আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য নির্দেশনাবলী ও শর্তাবলী নিম্নরূপ:

আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন	আইডিয়া জমা দেয়ার কাঠামো(মানদণ্ড)	আইডিয়া প্রস্তাব জমা দেওয়ার তারিখ ও জমাদানের স্থান
১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ তরুণী; মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী; যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ; শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে; নারী সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে;	১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে; আইডিয়ার শিরোনাম; আইডিয়ার ভূমিকা; আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ) উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব; আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে; সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা; প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness) কাজিখত ফলাফল; গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা; দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা;	০২-১০ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। জেলা পরিষদ কার্যালয়, সাতক্ষীরা E-mail: zpsatkhira@gmail.com

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা-প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নাম্বার ও ই-মেইল (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রশাসক, জেলা পরিষদ, সাতক্ষীরা বরাবর আগামী ০২-১০ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি (হার্ডকপি) অথবা ই-মেইল(পিডিএফ কপি) এর যেকোন একটি মাধ্যমে প্রস্তাব দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-
(মাশরুবা ফেরদৌস)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ.দা.)
জেলা পরিষদ, সাতক্ষীরা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০৫। প্রশাসক, জেলা পরিষদ, সাতক্ষীরা।